

**নগর উন্নয়ন অধিদপ্তর এর সাথে খুলনা বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য ডিসিপ্লিন এর মধ্যে
সমঝোতা স্মারক সম্পাদন বিষয়ে**

১. সমঝোতা স্মারক স্বাক্ষরের উদ্দেশ্যঃ

নগর উন্নয়ন অধিদপ্তর দেশের সুখম ও পরিকল্পিত উন্নয়নের লক্ষ্যে নগর ও অঞ্চল পরিকল্পনা প্রণয়ন করে থাকে। নগর উন্নয়ন অধিদপ্তর উক্ত বিষয়ের উপর তাত্ত্বিক জ্ঞানকে বাস্তবে প্রয়োগ করে। অন্যদিকে খুলনা বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য ডিসিপ্লিন এর ছাত্র-ছাত্রীদের পরিকল্পনা বিষয়ে স্নাতক, স্নাতকোত্তর এবং উচ্চতর ডিগ্রী প্রদান করে থাকে। এমতাবস্থায়, তাত্ত্বিক এবং ব্যবহারিক এর মধ্যে সমন্বয় সাধন ও পারস্পরিক তথ্য/উপাত্তের সহজগম্যতা প্রতিষ্ঠা করা প্রয়োজন।

এ লক্ষ্যে নগর ও অঞ্চলের জনগোষ্ঠীর সুখম উন্নয়ন সাধনে; উন্নয়ন পরিকল্পনায় জনগণের সমস্যাসমূহকে প্রাধান্য দিয়ে খুলনা বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য ডিসিপ্লিন ও নগর উন্নয়ন অধিদপ্তর যৌথভাবে কাজ করাই এই সমঝোতা স্মারকের উদ্দেশ্য।

২. সমঝোতা স্মারকের আলোকে কার্যক্রম বাস্তবায়ন কৌশল :

নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক আয়োজিত বিভিন্ন সেক্টরাল কার্যক্রম সম্পাদনে উভয়পক্ষের আলোচনার ভিত্তিতে যৌথভাবে সম্পন্ন করা।

৩. সমঝোতা স্মারকের মেয়াদকাল :

এই সমঝোতা স্মারকের মেয়াদ হবে ২০১৭ থেকে ২০২২ পর্যন্ত। তবে পারস্পরিক আলোচনা ও লিখিত সিদ্ধান্তের ভিত্তিতে উক্ত সময় বাড়ানো বা কমানো যাবে, অন্যথায় চলমান বা বন্ধ করা যাবে। তবে বন্ধ করার ক্ষেত্রে তিন মাস পূর্বে লিখিত নোটিশের মাধ্যমে পরস্পরকে জ্ঞাত করতে হবে।

৪. নগর উন্নয়ন অধিদপ্তরের দায়িত্বসমূহ :

- ক) ভূমি ও পরিবেশের যথাযথ মিথস্ক্রিয়া সাধনের লক্ষ্যে দুর্বোগ, জলবায়ু পরিবর্তনসহ SDG, Sendai Frame Work, Habitat-III তথা বিভিন্ন ইস্যু ভিত্তিক বিষয়সমূহ অন্তর্ভুক্তির মাধ্যমে ভূমি ব্যবহার পরিকল্পনায় কার্যক্রম গ্রহণ করবে এবং বাস্তব জ্ঞান সংশ্লিষ্ট Sectoral Agency কে চাহিদার ভিত্তিতে সরবরাহ করবে।
- খ) নগর উন্নয়ন বিষয়ে গবেষণা পরিচালনাসহ এর ফলাফল উন্নয়ন পরিকল্পনায় প্রয়োগের মাধ্যমে নতুন নতুন কলাকৌশল উদ্ভাবনে কাজ করবে।
- গ) Stakeholder গণের সমন্বয়ে বিভিন্ন বিষয়ে সেমিনার ও ওয়ার্কশপের আয়োজন করবে।
- ঘ) নগরায়ন ও মানববসতি সংক্রান্ত গবেষণালব্ধ বিষয়ে প্রকাশনা প্রকাশ করবে।


৫. খুলনা বিশ্ববিদ্যালয়, স্থাপত্য ডিসিপ্লিনের দায়িত্বসমূহ :

- ক) পারস্পরিক আলোচনার ভিত্তিতে যৌথভাবে গবেষণা কার্যক্রম সম্পন্ন করা এবং প্রচারে সহায়তা করবে।
- খ) বিভিন্ন প্রকার কার্যক্রম যেমন সেমিনার, ওয়ার্কশপ ইত্যাদি কার্যক্রম আয়োজনে সহযোগিতা করবে।
- গ) পরিকল্পনা পদ্ধতি উন্নয়নে নগর উন্নয়ন অধিদপ্তরের সাথে আলোচনার মাধ্যমে একসাথে কাজ করবে।
- ঘ) স্থাপত্য ডিসিপ্লিনের পাঠ্যসূচীতে প্রয়োগিক বিষয়সমূহ (যতটা সম্ভব) অন্তর্ভুক্ত করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৬. যে সকল বিষয় অন্তর্ভুক্ত হয়নি তাহা পারস্পরিক আলোচনার ভিত্তিতে নির্ধারণ করা হবে।


৭. উল্লেখিত বিষয়গুলো সম্পাদনে আর্থিক বিষয় বিবেচ্য নয়। এই ক্ষেত্রে স্ব স্ব সংস্থা নিজ নিজ ব্যয়ভার বহন করবে।

স্বাক্ষর


29.06.2017


খান আতিয়ার রহমান
ট্রেজারার
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা

স্বাক্ষর


22.05.19


প্রফেসর অনির্বান মিত্র
প্রধান
স্থাপত্য ডিসিপ্লিন
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা

স্বাক্ষর


29.06.2017

ড. খুরশীদ জাব্বিন হোসেন তৌফিক
পরিচালক
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

স্বাক্ষর


20/05/19

আহমেদ আখতারুজ্জামান
উপ-পরিচালক (গবেষণা ও সমন্বয়) অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা